

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২৩৯

২২/ শিকার (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ২২/১৬. দব্ব (অনেকটা গুইসাপের মত দেখতে)

بَابِ الضَّبِّ

আরবী

حَدَّقَنَا أَبُو إِسْحَاقَ الْهَرَوِيُّ، إِبْرَاهِيمُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ حَاتِمٍ حَدَّقَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةً، عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةً، عَنْ قَتَادَةً، عَنْ سُلَيْمَانَ الْيَشْكُرِيِّ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - لَمْ يُحَرِّمِ الضَّبُّ وَلَكِنْ قَدْرَهُ وَإِنَّهُ لَطَعَامُ عَامَّةِ الرِّعَاءِ وَإِنَّ اللَّهَ عَنَّ وَجَلَّ لَيَنْفَعُ بِهِ غَيْرَ وَاحِدٍ وَلَوْ كَانَ عِنْدِي لأَكَلْتُهُ .

حَدَّثَنَا أَبُو سَلَمَةَ، يَحْيَى بْنُ خَلَفٍ حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ، عَنْ قَتَادَةَ، عَنْ سُلَيْمَانَ، عَنْ جَابِرٍ، عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ، عَنِ النَّبِيِّ - صلى الله عليه وسلم - نَحْوَهُ .

বাংলা

২/৩২৩৯। জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দব্ব (অনেকটা গুইসাপের মত দেখতে) হারাম করেননি, কিন্তু তা অপছন্দ করেছেন। এটা পশুপালের রাখালদের খাদ্য। আল্লাহ তা'আলা এই প্রাণীর দ্বারা অনেককে উপকৃত করেন। আমার নিকট থাকলে আমি তা অবশ্যই আহার করতাম।

৩/৩২৩৯(১)। আবূ সালামা ইয়াহইয়া ইবনে খালাফ-আবদুল আলা-সাঈদ ইবনে আবূ আরূবা-কাতাদা-সুলায়মান-জাবির (রাঃ) উমরা ইবনুল খাত্তাব (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে উপরোক্ত হাদীসের অনুরূপ বর্ণিত হয়েছে।

English



It was narrated from Jabir bin 'Abdullah:

"The Prophet (ﷺ) did not forbid (eating) mastigures, but he found that distasteful. It is the food of most shepherds, and Allah, the Mighty and Sublime, has benefited more than one person thereby. If I had some I would eat it."

ফুটনোট

মুসলিম ১৯৫০, আহমাদ ১৪২৭৪।

তাহকীক আলবানীঃ সানাদটি দুর্বল। উক্ত হাদিসের সকল রাবীই সিকাহ তবে সানাদের মাঝে ইনকিতা রয়েছে। ইবনু মাঈন, আহমাদ ও ইমাম বুখারী বলেন, কাতাদাহ বিন দাআমাহ (রহঃ) সালমান আল-ইয়াশকুরী থেকে হাদিসটি শ্রবন করেননি। তবে এই হাদিসটি আবুয যুবায়র জাবির বিন আবদুল্লাহ-উমার বিন খাতাব (রাঃ) এর সুত্রে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন